

ফতওয়া নং ৩২৪

প্রশ্ন:

হযরত, রমজান মাসে বিতর নামাজের পরে দুই রাকাত নফল নামাজ বসে পড়ার কী সওয়াব বেশি ? রমজান মাসে কিভাবে পড়বো আর অন্যান্য মাসেই বা কিভাবে পড়বো ?

উত্তর:

রমাযান বা যেকোনো সময়, বেতরের পরের বা যেকোনো নফল বসে, দাঁড়িয়ে দুই ভাবে পড়া জাইয; তবে বসে পড়লে দাঁড়িয়ে পড়ার তুলনায় অর্ধেক সাওয়াব হয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিতরের পরের নফল নামায বসে পড়েছেন। কিন্তু তিনি বসে পড়লেও পুরো সাওয়াব পেতেন। একথা হাদীস দ্বারা প্রমাণিত। নবী প্রেমিক কোনো ব্যক্তি যদি যরুরী না ভেবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুকরণের উদ্দেশ্যে বেতরের পরবর্তী দুই রাকাত নফল বসে পড়েন, আশা করা যায় তিনিও পুরো সাওয়াব পেয়ে যাবেন। (মাসাইলে তারাবীহ্ ১৫৯ পৃষ্ঠা দ্রষ্টব্য)

‘আবদুল্লাহ্ ইবনু ‘আমর (রাঃ) বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমার কাছে বর্ণনা করা হয়েছে যে, আপনি বলেছেনঃ কেউ বসে নামায আদায় করলে অর্ধেক সাওয়াব হয়। কিন্তু এখন দেখেছি আপনি নিজেই বসে সলাত আদায় করছেন। এ কথা শুনে রসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ হ্যাঁ , তবে আমি তোমাদের কারো মত না। (সহীহ মুসলিম, হাদিস নং ১৬০০)

ইমাম নাবাবী (রহঃ) বলেন, এ মর্মে উলামাদের বক্তব্য হল, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একান্ত স্বতন্ত্র কতক বিশেষত্বের মধ্যে এটিও একটি ছিল যে, দাঁড়িয়ে নফল নামায আদায় করার ক্ষমতা থাকা স্বত্ত্বেও তাঁর বসে নামায আদায়ের সমান সাওয়াব লাভ হত। (মুসলিম শারহে নাবাবী-১ম খন্ড ২৫৩ পৃষ্ঠা)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।

১৭ রমাযান, ১৪৪৫ হিজরী (27/03/2024)